



বর্ষ ৫ সংখ্যা ১৪

## সূ চি প ত্র



### ৩৫ এই ঝাল কে সামলাবে

নিত্যপ্রয়োজনীয় প্রতিটি জিনিসপত্রের

দাম বাড়ছে হুহু করে। বলতে হয়

ব্যবসায়ীরা বাড়াচ্ছে বেপরোয়াভাবে। বাজার তদারকিতে সরকারের রহস্যময় নীরবতাই তাদের বেপরোয়া করে তুলেছে। যে যেমন করে পারছে ক্রেতা-ভোক্তাদের কাছ থেকে চড়া দাম আদায় করছে। সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা সংকুচিত হতে হতে পিঠ দেয়ালে ঠেকে গেছে। সরকার মুক্তবাজার অর্থনীতির দোহাই দিয়ে সংঘবদ্ধ মধ্যস্বভূভোগীদের (ব্যবসায়ী) লোপাটের সুযোগ করে দিচ্ছে। গত ২ মাসে নিত্যপ্রয়োজনীয় প্রতিটি জিনিসের দাম কয়েক দফা বেড়েছে। এখনো প্রতিদিনই তা বেড়ে চলছে...

### ২৯ দুর্নীতির একটি খন্ড চিত্র : কমিশনের সুযোগ নেই তাই ৯০ কোটি টাকার প্রকল্প স্থগিত

প্রধানমন্ত্রীর কাছে পাঠানো সারসংক্ষেপে সচিব-প্রতিমন্ত্রী-মন্ত্রী উল্লেখ করেছেন, বিদেশী অনুদানে যে কম্পিউটার কিনতে খরচ পড়বে ১ লাখ টাকা, সেটা

দেশীয় প্রতিষ্ঠান থেকে কিনতে খরচ পড়বে ৫০ হাজার

টাকা। এই একটি তথ্য উপস্থাপনের ওপর ভিত্তি করে বর্তমান সরকার ফিরিয়ে দিচ্ছে ৪৫ কোটি

৪৫ লাখ টাকা অনুদানের ৯০ কোটি ৯০ লাখ টাকার একটি প্রকল্প। কিন্তু প্রকৃত সত্য ঠিক

উল্টো। বিদেশী অনুদানে শুধু কম্পিউটারটি কিনতে লাগবে প্রায় ৫৭ হাজার টাকা, যেখানে

সরকারের নিজস্ব ফান্ড থেকে যাবে অর্ধেক খরচ। আর বাংলাদেশী প্রতিষ্ঠান থেকে কিনতে খরচ পড়বে ন্যূনতম ৫৮ হাজার টাকা, যার

পুরোটাই যাবে সরকারি তহবিল থেকে। এভাবে ১০ হাজার ৩৮৮টি কম্পিউটার কিনতে সরকারের লোকসান দাঁড়াবে ৭৫ কোটির

ওপরে। কয়েকজনের কমিশনের বন্দোবস্ত করতেই নেয়া হচ্ছে এমন উদ্যোগ...



■ প্রতিবেদন : কাল্পনিক মামলা এবং ছাত্রলীগ নেতা - ২১

■ প্রতিবেদন : ধর্মীয় রাজনীতির অবস্থা হযবরল - ১৯

■ পিআরএসপি : উপেক্ষিত নারী : চাপিয়ে দেয়ার কৌশল - ২৩

■ পাকিস্তান : ডেটলাইন ১০ অক্টোবর - ৫৫ ■ কম্পিউটার : রেডিও লিংকিং নেটওয়ার্ক - ৬১

■ খেলা : ইউরোপের ফুটবল - ৬৮ ■ ক্রিকেট : শ্রীলঙ্কা সফরে বাংলাদেশ - ৬৬

■ সংগঠন সংবাদ - ৬৪ ■ মনস্তাত্ত্বিক কুইজ - ৮১ ■ প্রবাস জীবন - ৫১

■ ২৪ ঘন্টা : স্পট : বাহাদুরপুর, গাজীপুর - ৭০ ■ বিনোদন - ৭৪

■ ঘটনা প্রবাহ - ১১ ■ ফোরাম - ৮